### প্রদানকারী অথবা কর্মীর নাম পরিবর্তন

যদি আপনার অথবা আপনার কোনও কর্মীর নাম পরিবর্তিত হয়, আপনাকে পুনর্নবীকরণ সামগ্রী সহ সেই ব্যক্তির সরকার দ্বারা জারি করা সচিত্র প্রমাণপত্র অবশ্যই জমা করতে হবে।

### সংস্থান:

**New York City Health Department Bureau of Child Care (নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য বিভাগের শিশু পরিচর্যা ব্যুরো)**
nyc.gov/health/childcare
311

**New York State Office of Children and Family Services (নিউ ইয়র্ক স্টেট শিশু এবং পরিবার পরিষেবার কার্যালয় কার্যালয়, OCFS)**
ocfs.ny.gov/main/childcare
518-474-9454

**New York City Child Care Resource and Referral Consortium**
nyccrr.org
888-469-5999

**SUNY Early Childhood Education and Training Program (SUNY প্রারম্ভিক শিক্ষা এবং প্রশিক্ষণ কর্মসূচি)**
albany.edu/earlychildhood
800-295-9616

**LiveScan Fingerprinting MorphoTrust USA (লাইভস্ক্যান ফিঙ্গারপ্রিন্টিং MorphoTrust USA)**
identogo.com
877-472-6915



Bengali

NYC Health

EHS3305021 – 12.20



# গ্রুপ ফ্যামিলি ডে কেয়ার এবং ফ্যামিলি ডে কেয়ার লাইসেন্স পুনর্নবীকরণের জন্য পরিচালকের নির্দেশনা

NYC Health

# আপনার পুনর্নবীকরণ আবেদন সম্পূর্ণ করা

## পুনর্নবীকরণ আবেদনের শেষ তারিখ

আপনার রেজিস্ট্রেশন/লাইসেন্সের মেয়াদ শেষ হওয়ার **অন্তত 60 দিন** আগে আপনাকে আপনার পুনর্নবীকরণ আবেদন অবশ্যই জমা করতে হবে। New York State Office of Children and Family Services (নিউ ইয়র্ক স্টেট শিশু এবং পরিবার পরিষেবা কার্যালয়, OCFS)) থেকে পত্রাবলি পাওয়ার জন্য আপনাকে আপনার অথবা এর জন্য মনোনীত ব্যক্তির ইমেল অ্যাড্রেস অবশ্যই প্রদান করতে হবে।

## পরিদর্শনসমূহ

পুনর্নবীকরণ প্রক্রিয়ার অংশ হিসেবে, NYC স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্যবিধি দপ্তর (স্বাস্থ্য বিভাগ) একটি পরিদর্শন পরিচালনা করবে। এছাড়াও, সব কর্মসূচী বার্ষিক ভিত্তিতে এবং প্রাপ্ত অভিযোগের প্রত্যুত্তর হিসেবে পরিদর্শন করা হবে।

## প্রশিক্ষণ

আপনার পুনর্নবীকরণের অংশ হিসেবে কর্মী প্রশিক্ষণ প্রয়োজন। প্রত্যেক দু বছরে, আপনাকে এবং আপনার কর্মীদের অবশ্যই প্রত্যেককে 30 ঘন্টার প্রশিক্ষণ সম্পূর্ণ করতে হবে। প্রশিক্ষণের সময়কাল আপনার বর্তমান রেজিস্ট্রেশন/লাইসেন্সের আরম্ভের তারিখে শুরু হবে এবং এর মেয়াদ সমাপ্ত হওয়ার তারিখ পর্যন্ত চলবে। আপনার কর্মসূচি একবার পুনর্নবীকরণ আবেদন জমা করার পর এবং আপনি ও আপনার কর্মীদের বর্তমান রেজিস্ট্রেশন সময়কাল জন্য 30-ঘন্টার প্রশিক্ষণের প্রয়োজন পূরণ করার পর, এই সময়কালে আপনি এবং আপনার কর্মীদের কোনও অতিরিক্ত প্রশিক্ষণ (30 ঘন্টার বেশি) পেয়ে থাকলে তা নতুন রেজিস্ট্রেশন সময়কালে যোগ করা হবে। **যদি এটি আপনার প্রথম পুনর্নবীকরণ হয়** , লাইসেন্স রেজিস্ট্রেশন জারি করার আগে প্রাপ্ত স্বাস্থ্য এবং নিরাপত্তা প্রশিক্ষণ প্রথম 15 ঘন্টার প্রশিক্ষণের প্রতি প্রযোজ্য করা যেতে পারে।

প্রত্যেক বছর ন্যূনতম পাঁচ ঘন্টার OCFS-অনুমোদিত প্রশিক্ষণ অবশ্যই নিতে হবে যাতে রাজ্য এবং ফেডারাল আইন দ্বারা আবশ্যক বিষয়ের মোকাবিলা করা হয়।

## আবশ্যক প্রশিক্ষণের বিষয়

প্রশিক্ষণের মধ্যে অবশ্যই নয়টি আবশ্যক বিষয় অন্তর্ভুক্ত থাকতে হবে:

1. বয়সের গ্রুপের বিকাশের স্তরের ওপর নজর কেন্দ্রীভূত করে এমন শৈশব বিকাশের নীতি, যার জন্য কর্মসূচি পরিচর্যা প্রদান করে।
2. বাচ্চাদের পুষ্টি এবং স্বাস্থ্যের প্রয়োজন
3. চাইল্ড ডে কেয়ার কর্মসূচী বিকাশ
4. পিতা-মাতা এবং পরিচর্যা প্রদানকারীদের মধ্যে যোগাযোগ সহ নিরাপত্তা এবং সুরক্ষা প্রক্রিয়া
5. ব্যবসায়িক নথির রক্ষণাবেক্ষণ এবং ব্যবস্থাপনা
6. শিশু নির্যাতন এবং অপব্যবহার সনাক্তকরণ এবং প্রতিরোধ
7. শিশু ডে কেয়ার সংক্রান্ত আইন এবং বিধি
8. শিশু নির্যাতন এবং অপব্যবহার সংক্রান্ত আইন এবং বিধি
9. শেকেন বেবি সিনড্রোম (শিশুকে ঝাঁকানোর ফলে মস্তিষ্কের ক্ষতি হওয়া)-এর সনাক্তকরণ, রোগ নির্ণয় এবং প্রতিরোধ

আপনাকে অবশ্যই প্রমাণ প্রদান করতে হবে যে আপনি এই পুনর্নবীকরণ আবেদন জমা করার সময় আপনি এবং আপনার কর্মীগণ এই প্রশিক্ষণ সম্পূর্ণ করেছেন। প্রমাণের মধ্যে একটি শংসাপত্র, লেটারহেডের ওপর ইনস্ট্রাক্টরের পক্ষ থেকে একটি পত্র অথবা প্রশিক্ষণ সংস্থা থেকে উপস্থিতির রোস্টার অন্তর্ভুক্ত থাকতে পারে। এই নথিপত্রের মধ্যে প্রশিক্ষিতদের নাম, গৃহীত প্রশিক্ষণ, আওতাভুক্ত বিষয়, আপনার প্রশিক্ষণের ঘন্টার সংখ্যা এবং ইনস্ট্রাক্টরের নাম ও স্বাক্ষর অবশ্যই থাকতে হবে।

এছাড়াও, কর্মসূচী চলাকালীন অনসাইটে অন্তত একজন পরিচর্যা প্রদানকারীর কাছে বৈধ CPR এবং পরিচর্যাধীন বাচ্চাদের বয়সের জন্য উপযুক্ত প্রাথমিক চিকিৎসার শংসাপত্র থাকতে হবে, এবং CPR এবং প্রাথমিক চিকিৎসার সব শংসাপত্রে সশরীরে দক্ষতা উপাদান অবশ্যই থাকতে হবে।

## কারা প্রশিক্ষণ পাবেন?

আপনি প্রাথমিক লাইসেন্সিং পাওয়ার *পর* প্রতিটি কর্মী এবং স্বেচ্ছাসেবী যারা আরম্ভ করবে তাদের নিজের কাজের প্রথম ছয় মাসে নয়টি আবশ্যক বিষয়ের মধ্যে একটি অথবা তার চেয়ে বেশিতে অন্তত 15 ঘন্টার প্রশিক্ষণ অবশ্যই সম্পূর্ণ করতে হবে।

প্রত্যেক কর্মী এবং স্বেচ্ছাসেবীকে অবশ্যই OCFS- অনুমোদিত প্রশিক্ষণ সম্পূর্ণ করতে হবে যা ফেডেরাল ন্যূনতম স্বাস্থ্য এবং সুরক্ষার প্রাক-পরিষেবা প্রশিক্ষণের প্রয়োজন অথবা তিন মাসের অভিমুখীকরণ সময়কালের প্রশিক্ষণের প্রয়োজন মেনে চলে। আরম্ভ করার আগে অথবা পদে আসীন আরম্ভ করার তিন মাসের মধ্যে প্রশিক্ষণ অবশ্যই গ্রহণ কতে হবে। যে ব্যক্তিগণ OCFS-অনুমোদিত প্রশিক্ষণ সম্পূর্ণ করেছেন তাদের বাচ্চার সাথে তত্ত্বাবধান ছাড়া ছেড়ে দেওয়া যেতে পারে। কোনও কর্মী অথবা স্বেচ্ছাসেবী যিনি এই প্রশিক্ষণ সম্পূর্ণ করবেন না তাকে এই প্রশিক্ষণ সম্পূর্ণ হওয়া পর্যন্ত কোনও বাচ্চার সাথে তত্ত্বাবধান ছাড়া কখনই ছেড়ে দেওয়া যাবে না।

**যদি আপনি একটি বা তার চেয়ে বেশি লাইসেন্সপ্রাপ্ত অথবা** নিবন্ধিত পরিবার-ভিত্তিক ডে কেয়ার কর্মসূচি চালান তাহলে আপনাকে একাধিক ডে কেয়ার স্থানের ব্যবস্থাপনা এবং প্রশাসনের প্রশিক্ষণ অবশ্যই সম্পূর্ণ করতে হবে।

## কোথায় প্রশিক্ষণ পাবেন

প্রশিক্ষণ কর্মসূচির ব্যাপারে তথ্যের জন্য New York City Child Care Resource and Referral Consortium (নিউ ইয়র্ক সিটি শিশু পরিচর্যা সম্পদ এবং রেফারেল কনসোর্টিয়াম)কে কল করুন। আপনি **SUNY Early Childhood Education and Training Program (SUNY প্রারম্ভিক শৈশব শিক্ষা এবং প্রশিক্ষণ কর্মসূচি)** অথবা **OCFS** -এর সাথে যোগাযোগ করে 15-ঘন্টার স্বাস্থ্য এবং নিরাপত্তা প্রশিক্ষণ এবং বিনামূল্যে ই-শিক্ষণ এবং ভিডিও কনফারেন্সিং প্রশিক্ষণ সহ প্রশিক্ষণ কর্মসূচির ব্যাপারেও তথ্য সংগ্রহ করতে পারেন। অনুগ্রহ করে নিশ্চিত করবেন যে আপনার দ্বারা সম্পূর্ণ করা যে কোনও অনলাইন প্রশিক্ষণ OCFS দ্বারা অনুমোদিত এবং আপনার 30-ঘন্টার প্রশিক্ষণ প্রয়োজনের প্রতি গণনা করা যায়।

## প্রশিক্ষণের জন্য কিভাবে অর্থ পাবেন

আপনি OCFS দ্বারা স্পন্সর করা **Educational Incentive Program (প্রণোদনা কর্মসূচির, EIP)**, থেকে প্রশিক্ষণ বৃত্তি তহবিলের জন্য যোগ্য হতে পারেন। একটি EIP আবেদনের অনুরোধ করার জন্য অনুগ্রহ করে **SUNY Early Childhood Education and Training Program**-এর সাথে যোগাযোগ করুন।



## বিস্তৃত পটভূমি যাচাইকরণ

**18 বছর অথবা তার চেয়ে বেশী বয়সী একটি হোমে বসবাসকারী সব কর্মী, স্বেচ্ছাসেবী, যেখানে কর্মসূচিটি অবস্থিত তাদেরকে বিস্তৃত পটভূমি যাচাইকরণ (Comprehensive Background Check, CBC) অবশ্যই করাতে হবে, যার মধ্যে নিম্নলিখিতগুলি অন্তর্ভুক্ত:**

- ফৌজদারি বিচার পরিষেবার বিভাগের সাথে NYS অপরাধমূলক ইতিহাসের তথ্য যাচাইকরণ।
- Federal Bureau of Investigation (যুক্তরাষ্ট্রীয় তদন্ত দফতর, FBI) সাথে জাতীয় অপরাধমূলক ইতিহাসের তথ্য যাচাইকরণ।
- NYS Sex Offender Registry (NYS যৌন অপরাধীর রেজিস্ট্রি)-র অনুসন্ধান
- সামাজিক পরিষেবা আইনের ধারা 424-a অনুযায়ী শিশু নির্যাতন এবং অপব্যবহারের NYS Statewide Central Register of Child Abuse and Maltreatment, SCR (নির্যাতন এবং অপব্যবহারের NYS স্টেট জুড়ে কেন্দ্রীয় রেজিস্টার)-এর তথ্য যাচাইকরণ
- National Crime and Information Center (জাতীয় ফৌজদারি এবং তথ্য কেন্দ্র) ব্যবহার করে যৌন অপরাধীর রেজিস্ট্রির অনুসন্ধান

**CBC সম্পূর্ণ করার জন্য নিম্নলিখিত সহ আপনার বরো অফিসে একটি 6000 প্যাকেট অবশ্যই জমা করতে হবে:**

- OCFS-6000, আবশ্যক ফর্ম এবং ক্লিয়ারেন্স তালিকা
- OCFS-6001, শিশু পরিচর্যা প্রদানকারী, কর্মী এবং স্বেচ্ছাসেবীর তথ্য
- OCFS-6002, যোগ্যতা
- OCFS-6003, রেফারেন্সসমূহ
  - যে কোনও নতুন কর্মী এবং সাবস্টিটিউটকে অবশ্যই দুটি রেফারেন্স জমা করতে হবে (একটি প্রাক্তন নিয়োগকর্তার থেকে এবং একটি ব্যক্তিগত)। যদি নতুন কর্মীর কোনও অতীতের পেশাগত অভিজ্ঞতা না থাকে, তাদের অবশ্যই দুটি ব্যক্তিগত রেফারেন্স প্রদান করতে হবে।
- OCFS-6004, চিকিৎসাগত
  - যে কোনও নতুন সহায়ক, সাবস্টিটিউট এবং পারিবারিক সদস্যদেরকে অবশ্যই রেজিস্ট্রেশন/লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণ তারিখের আগে 12 মাসের মধ্যে চিকিৎসক দ্বারা স্বাক্ষরিত চিকিৎসাগত বিবৃতি অবশ্যই জমা করতে হবে।
- OCFS-6005, অপরাধী দোষী সাব্যস্ত বিবৃতি
- OCFS-6022, Staff Exclusion List (কর্মী বর্জন তালিকা, SEL)
  - আপনাকে 30শে জুন, 2013 তারিখের পর নিযুক্ত সব পরিচর্যা প্রদানকারী এবং স্বেচ্ছাসেবীদের জন্য SEL যাচাই করার উদ্দেশ্যে বিশেষ প্রয়োজন সহ লোকেদের সুরক্ষার জন্য New York State Justice Center (নিউ ইয়র্ক স্টেট বিচার কেন্দ্র)-কে অনুরোধ করতে হবে।
- OCFS-4930, আঙুলের ছাপের অনুরোধ
  - MorphoTrust USA দ্বারা আঙুলের ছাপ প্রদান করা হয়। OCFS ওয়েবসাইটে লভ্য সনাক্তকরণের উপযুক্ত ফর্ম এবং সম্পূর্ণ করা NYS Fingerprinting Services Information Form (NYS আঙ্গুলের চাপের পরিষেবা তথ্য) (OCFS-4930) নিশ্চিতভাবে সংগ্রহ করবেন।
- LDSS-3370, স্টেটজুড়ে কেন্দ্রীয় রেজিস্টার তথ্য যাচাইয়ের অনুরোধ
  - এই ফর্মটি বরো কার্যালয়ে জমা করার সময় প্রতি কর্মীর জন্য $25-এর শুল্ক নির্ধারিত রয়েছে।

    পেমেন্টের গ্রহণযোগ্য প্রকারের মধ্যে রয়েছে প্রত্যয়িত চেক, পোস্টাল অথবা ব্যাঙ্কের মানি অর্ডার, টেলার্স চেক, অথবা ক্যাশিয়ারের চেক।

  **যে কোনো নতুন বাড়ির সদস্য অথবা 18 বছর বয়স হওয়া বাড়ির সদস্য অথবা** শেষ রেজিস্ট্রেশনের পর থেকে SCR দ্বারা যাকে মঞ্জুরি দেওয়া হয়নি তাদের জন্য আপনাকে অবশ্যই একটি নতুন SCR ফর্ম সম্পূর্ণ এবং জমা করতে হবে। অনুগ্রহ করে যতটা তাড়াতাড়ি সম্ভব এই ফর্মটি জমা করুন।

  অনুগ্রহ করে চেক অথবা মানি অর্ডার **New York State Office of Children and Family Services**-এর প্রদেয়যোগ্য হিসেবে জারি করুন এবং আবেদনকারীর নাম অন্তর্ভুক্ত করুন। শিশু পরিচর্যা কর্মসূচীর স্বেচ্ছাসেবী অথবা কনসালটেন্ট অথবা পরিবারে সদস্যদের জন্য কোনও শুল্কের প্রয়োজন নেই।

6000 প্যাকেট জমা করার, তাদের আঙুলের ছাপের অ্যাপয়েন্টমেন্ট সম্পূর্ণ করার এবং কর্মসূচীর কাছে একটি আঙুলের ছাপের রসিদ এবং বর্তমান চিকিৎসা ফর্ম জমা করার পর একজন কর্মী এবং স্বেচ্ছাসেবী কাজ শুরু করতে পারেন। এই ব্যক্তিদের সবসময় অবশ্যই এমন একজন ব্যক্তির তত্ত্বাবধানে থাকতে হবে, যাকে সম্পূর্ণভাবে মঞ্জুরি দেওয়া হয়েছে, যতক্ষণ না কোনও বিজ্ঞপ্তি গৃহীত হচ্ছে যে সেই ব্যক্তি CBC-এর পরিণামের ভিত্তিতে বাচ্চাদের পরিচর্যার জন্য যোগ্য।